যুগান্তর

তারিখ ... 07 NOV 2016 ......
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ......

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান

# পরিচালনা পর্ষদে এমপিদের থাকা না থাকার আদেশ আজ

যুগান্তর রিপোর্ট

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে এমপিদের সভাপতি মনোনীত হওয়ার বিধান অবৈধ ঘোষণা করে হাইকোর্টের রায়ের বিরুদ্ধে করা লিভ টু আপিলের ওপর আজ (সোমবার) আদেশের দিন ধার্য রেখেছেন আপিল বিভাগ। রোববার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগ শুনানি নিয়ে আদেশের এ দিন ধার্য করেন।

আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। আর ভিকারুননিসা নূন স্কুলের পক্ষে ছিলেন আইনজীবী এবিএম বায়েজীদ। রিট আবেদনকারীর পক্ষে শুনানি করেন আইনজীবী ইউনুস আলী আকন্দ। একটি রিট আবেদনের চূড়ান্ত নিষ্পত্তি করে গত ৯ জুন বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০০৯-এর ৫(২) ও ৫০ বিধি বাতিল করেছেন হাইকোর্ট। এর ফলে এমপিরা ইচ্ছা করলেই পদাধিকারবলে স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাপতি হতে পারবেন না। হাইকোর্টের এ রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ, ভিকারুননিসা নূন স্কুল কর্তৃপক্ষ পৃথক লিভ টু আপিল করে।